06 FEB 1991
তারিখ ... 06 FEB 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক খবর

১৭

# শাহাবুদ্দিন সকাশে ভিসি মনিরুজ্জামান

বাসস জানায় ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সিন্ডিকেট সদস্য, প্রভোস্ট ও ছাত্র নেতাদের ১৭ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার ঢাকায় অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমেদের সঙ্গে তাঁর বাসভবনে সাক্ষাৎ করেন।

২-এর পাতায় দেখুন

## শাহাবুদ্দিন সকাশে

প্রথম পৃষ্ঠার পর

ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞা এই প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। তারা শিক্ষার যথাযথ পরিবেশ ফিরিয়ে আনার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে অবিলম্বে অবৈধ অস্ত্র উদ্ধারের দাবী জানান। ছাত্র নেতারা শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে অস্ত্র উদ্ধারে পুলিশকে পূর্ণ সহযোগিতাদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

অস্থায়ী রাষ্ট্রপতি প্রতিনিধিদলকে জানান, তাঁর অন্তর্বর্তীকালীন সরকার অবৈধ অস্ত্র উদ্ধারের জন্য ইতিমধ্যেই এক অভিযান শুরু করেছেন এবং এ অভিযান সফল করে তোলার লক্ষ্যে সকল মহলের সহযোগিতাকে স্বাগত জানাবেন।

বিচারপতি শাহাবুদ্দিন আহমেদ বলেন, তাঁর সরকার অবাধ ও নিরপেক্ষ অনুষ্ঠানের জন্য অঙ্গীকারাবদ্ধ।

প্রতিনিধিদলে অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন প্রো-ভাইস চ্যান্সেলর ডঃ ওয়াকিল আহমেদ, প্রোক্টর কামরুল আহসান চৌধুরী, ডাকসু'র সাধারণ সম্পাদক খায়রুল কবীর খোকন এবং ছাত্র ঐক্যের অন্যান্য নেতৃবৃন্দ।